Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



নয়া দিগন্ত



ঢাবি ভিসির সাথে ২ ব্রিটিশ অধ্যাপকের সৌজন্য সাক্ষাৎ

প্রতিদিনের বাংলাদেশ



আলোকিত বাংলাদেশ



ঢাবি উপাচার্যের সঙ্গে যুক্তরাজ্যের দুইজন অধ্যাপকের সৌজন্য সাক্ষাৎ

The New Age




Ruqayyah Hall of Dhaka University brings out a procession, marking Begum Rokeya Day, on the campus on Thursday.
— New Age photo

The Daily Observer

# ঢাবির জসীম উদ্দীন হলে ক্রীড়া প্রতিযোগিতা ও জিমনেসিয়াম উদ্বোধন

Published : Wednesday, 14 January, 2026 at 9:04 PM

অবজারভার প্রতিবেদক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কবি জসীম উদ্দীন হলে অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা ২০২৬ এবং নব-স্থাপিত জিমনেসিয়াম কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার (১৪ জানুয়ারি) সন্ধ্যা ৬টায় হল প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে এই উদ্বোধন ঘোষণা করা হয়।

হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ শাহীন খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মামুন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ এবং কবি জসীম উদ্দীন হল সংসদের সহ-সভাপতি মুহাম্মদ ওসমান গনী।

প্রধান অতিথি অধ্যাপক ড. মামুন আহমেদ বিশেষ অতিথিবৃন্দকে সঙ্গে নিয়ে অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতার ব্যাডমিন্টন, টেবিল টেনিস, ক্যারম ও দাবা ইভেন্টসমূহের উদ্বোধন ঘোষণা করেন। পরে তিনি হল প্রশাসনের নিজস্ব অর্থায়নে স্থাপিত নতুন জিমনেসিয়াম এবং হলের গেস্ট রুমের সৌন্দর্যবর্ধন ও নতুন সোফাসেট সরবরাহ কার্যক্রম পরিদর্শন করেন।

প্রধান অতিথি এ সময় কবি জসীম উদ্দীন হলের সার্বিক ব্যবস্থাপনা কার্যক্রমের প্রশংসা করেন এবং শিক্ষার্থীদের মেলবন্ধনের প্রতি আগ্রহ দেখে সন্তোষ প্রকাশ করেন। পাশাপাশি হলের বিভিন্ন ক্রিয়াশীল ক্লাবের সাফল্যের কথা উল্লেখ করে সাফল্যের কথা উল্লেখ করে সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। লেখাপড়ার পাশাপাশি সহ-শিক্ষামূলক কার্যক্রমে অংশগ্রহণের মাধ্যমে ভবিষ্যতে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের জন্য আরও গৌরব বয়ে আনবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমদ শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত ক্রীড়া অংশগ্রহণের প্রশংসা করেন। তিনি নিয়ম-কানুন মেনে দায়িত্বশীল আচরণ করার জন্য শিক্ষার্থীদের ধন্যবাদ জানান এবং পড়ালেখা, খেলাধুলা ও অন্যান্য কার্যক্রমে কবি জসীম উদ্দীন হলের শিক্ষার্থীদের ঐতিহ্যগত ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। পাশাপাশি শরীরচর্চার মাধ্যমে সুস্থ জীবনধারা বজায় রাখার আহ্বান জানান।

হল সংসদের সহ-সভাপতি মুহাম্মদ ওসমান গনী শিক্ষার্থীদের উদ্দেশে হল প্রশাসন ও সংসদের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন। তিনি লেখাপড়ার পাশাপাশি সহ-শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ এবং হলের সকল কর্মকাণ্ডে শিক্ষার্থীদের সম-অংশীদারিত্বের গুরুত্ব উল্লেখ করেন।

সভাপতির বক্তব্যে হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ শাহীন খান বলেন, অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা শিক্ষার্থীদের মধ্যে সৌহার্দ্য, দলগত চেতনা ও প্রতিযোগিতামূলক মানসিকতা গড়ে তুলবে। পাশাপাশি নতুন জিমনেসিয়াম শিক্ষার্থীদের সুস্থ জীবনধারা গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি এই আয়োজন বাস্তবায়নে সহযোগিতার জন্য আবাসিক ও সহকারী আবাসিক শিক্ষক, হল সংসদের প্রতিনিধিবৃন্দ, শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে হলের আবাসিক ও সহকারী আবাসিক শিক্ষক, হল সংসদের নির্বাচিত ছাত্র নেতৃবৃন্দ, বিপুল সংখ্যক শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

দৈনিক শিক্ষাডট কম

# ঢাবির কবি জসীম উদ্দীন হলে অভ্যন্তরীণ ক্রীড়া প্রতিযোগিতা ও জিমনেসিয়াম উদ্বোধন

দৈনিক শিক্ষাডটকম প্রতিবেদক



তিনি আরও বলেন, এ কাজে সহায়তা করার জন্য হলের আবাসিক ও সহকারী আবাসিক শিক্ষক, হল সংসদের নির্বাচিত প্রতিনিধি, শিক্ষার্থীও সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করছি।

BD TODAY

# পাবলিক বিশ্ববিদ্যালয়ের দাবি উপেক্ষিত, জাতীয় বেতন কমিশন থেকে ঢাবি অধ্যাপকের পদত্যাগ

দ্যা ডেইলি ক্যাম্পাস ১৫ জানুয়ারি, ২০২৬, ১২:২৩

Share Tweet Email Share Share



পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তাবিত বেতন কাঠামো ও সুপারিশমালা চূড়ান্ত রিপোর্টে গুরুত্ব না পাওয়ায় জাতীয় বেতন কমিশন-২০২৫ থেকে পদত্যাগ করেছেন কমিশনের খণ্ডকালীন সদস্য অধ্যাপক মো. মাকছুদুর রহমান সরকার।

আরও দেখুন Politics

বৃহস্পতিবার (১৫ জানুয়ারি) ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার অফিসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এই ঘোষণা দেন। অধ্যাপক মাকছুদুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের চেয়ারম্যান হিসেবে দায়িত্বরত আছেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে তিনি পদত্যাগের কারণ হিসেবে আটটি গুরুত্বপূর্ণ পয়েন্ট তুলে ধরেন:

অধ্যাপক মাকছুদুর রহমান জানান, অর্থ উপদেষ্টার মৌখিক নির্দেশ ও বেতন কমিশন চেয়ারম্যানের লিখিত নির্দেশনা মোতাবেক পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য সুনির্দিষ্ট সুপারিশমালা প্রণয়নে চার সদস্যের একটি সাব-কমিটি গঠন করা হয়েছিল। উক্ত কমিটি বিশ্ববিদ্যালয়ের জন্য বাস্তবায়নযোগ্য ও ন্যায়সংগত মোট ৩৩টি প্রস্তাবনা পেশ করে। এই প্রস্তাবনাগুলোতে বেতন-ভাতাকে কাজের মান বা পারফরম্যান্সের (Performance) সাথে সম্পৃক্ত করার সুনির্দিষ্ট সুপারিশ ছিল।

অধ্যাপক মাকছুদুর অভিযোগ করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে তিনি সাব-কমিটির রিপোর্টটি কমিশনের পূর্ণাঙ্গ সভায় আলোচনার জন্য বারবার অনুরোধ করলেও তা আমলে নেওয়া হয়নি। গত ৮ জানুয়ারি ২০২৬ তারিখে কমিশনের সর্বশেষ সভায় চূড়ান্ত রিপোর্ট পর্যালোচনায় দেখা যায়, পাবলিক বিশ্ববিদ্যালয়ের জন্য প্রস্তাবিত বিষয়গুলো সম্পূর্ণভাবে উপেক্ষিত হয়েছে।

সংবাদ সম্মেলনে তিনি আক্ষেপ প্রকাশ করে বলেন, 'পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবনাগুলো বিবেচনায় না নেওয়া দেশের উচ্চশিক্ষার মানোন্নয়নের জন্য বড় বাধা। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হয়েও উচ্চশিক্ষার ক্ষেত্রে কার্যকর কোনো অবদান রাখতে না পারায় আমি কমিশন থেকে পদত্যাগ করাকে উত্তম মনে করছি।'

অদ্য ১৫ জানুয়ারি ২০২৬ তারিখে তিনি মাননীয় অর্থ সচিব বরাবর তার আনুষ্ঠানিক পদত্যাগপত্র প্রেরণ করেছেন। সংবাদ সম্মেলনে তিনি তাকে মনোনয়ন প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জানানোর পাশাপাশি কাজের সুযোগ দেওয়ার জন্য কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

জাতীয় বেতন কমিশন ২০২৫, অধ্যাপক মাকছুদুর রহমান সরকার, ঢাকা বিশ্ববিদ্যালয়, পাবলিক বিশ্ববিদ্যালয় বেতন কাঠামো, পদত্যাগ, উচ্চশিক্ষা সংবাদ

The New Nation

# 2 Japanese prof visit DU TV, Film and Photography dept

City Desk

Two senior professors from the University of Tokyo, Japan, on Wednesday visited the Department of Television, Film and Photography (TFP) at the University of Dhaka.

The visiting academics were Professor Dr Yujin Yaguchi, Vice President for Global Education at the University of Tokyo and Professor Dr Kaori Hayashi, Professor of Media and Journalism Studies at the Graduate School of Information Studies and Executive Vice President of the university.

As part of the visit, Dr Hayashi delivered a lecture titled "The Rise of Fake News in the Digital Age: A Japanese Perspective."

In her speech, she discussed the spread of misinformation and its social and political impacts, drawing insights from Japan's media environment while placing the issue within a global context, reports BSS.

In his remarks, Saiyeed Shahjada Al Kareem, chairman of the Department of Television, Film and Photography, said the world is currently witnessing a rapid circulation of misinformation that is reshaping social and political realities in deeply harmful ways.

He added that the lecture enabled students to critically engage with fake news as a global media crisis through a Japanese lens, while also encouraging comparative reflection in relation to Bangladesh.

Discussions held between the visiting professors and faculty members prior to the lecture focused on future joint research initiatives, academic exchange programmes and institutional collaboration.

সময়ের আলো



কচ্ছপের রোদ পোহানি | মাঘের কনকনে শীতে উষ্ণতা পেতে রোদ পোহাচ্ছে কচ্ছপ পরিবার। বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হলের পুকুর থেকে তোলা ● আবদুল হালিম